



## ঢাবিতে ‘ইয়ুথ ইমপ্যাক্ট: আনলিশিং দি পাওয়ার অব ইয়ুথ’ শীর্ষক সেমিনার

প্রকাশিত: ১৬ - সেপ্টেম্বর, ২০১৯ ১২:০০ এ. এম.

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ে ‘ইয়ুথ ইমপ্যাক্ট: আনলিশিং দি পাওয়ার অব ইয়ুথ’ শীর্ষক দুই দিনব্যাপী সেমিনার শুরু হয়েছে। রবিবার বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ আখতারুজ্জামান এই সেমিনারের উদ্বোধন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংগঠন ‘স্টুডেন্টস এগেইনস্ট ভায়োলেন্স এভরিহোয়ার (সেভ)’-এর উদ্যোগে এই সেমিনার অনুষ্ঠিত হচ্ছে। সেভ ইয়ুথের মডারেটর আইনুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম। এ সময় অধ্যাপক ড. রওনক জাহান, রাষ্ট্রদূত (অব) হুমায়ুন কবির, ঢাবি আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক ড. দেলোয়ার হোসেন এবং যোগাযোগ বৈকল্য বিভাগের সহকারী অধ্যাপক তাওহিদা জাহান। উপাচার্য অধ্যাপক ড. মোঃ আখতারুজ্জামান ন্যায় ও সত্যতার পথ অনুসরণের জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, যুবক মানেই একটি শক্তির উৎস। যুবসমাজ আমাদের গুরুত্বপূর্ণ সম্পদ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহাফ্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com

